



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন  
শিল্প মন্ত্রণালয়  
৯১, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।  
[www.npo.gov.bd](http://www.npo.gov.bd)



নং-৩৬.১০.০০০০.০১৬.২৪.০২৩.২২/৮

তারিখঃ ০৮/০৩/২০২২

## বিজ্ঞপ্তি

ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও), শিল্প মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত ০৬ (ছয়) টি ক্যাটাগরিতে বাংলাদেশে চালু সকল শিল্প/সেবা প্রতিষ্ঠান “প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি পারফরমেন্স” এর ভিত্তিতে ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড ২০২১ এবং উৎপাদনশীলতা কার্যক্রমে বলিষ্ঠ ভূমিকার স্বীকৃতি স্বরূপ বিভিন্ন ড্রেডবডি ও ব্যবসায়ী সংগঠনকে ইনস্টিটিউশনাল এপ্রিসিয়েশন অ্যাওয়ার্ড ২০২১ প্রদানের লক্ষ্যে আগ্রহী শিল্প/সেবা প্রতিষ্ঠান ও বিভিন্ন ড্রেডবডি ও ব্যবসায়ী সংগঠনের নিকট হতে এনপিও’র নির্ধারিত ফরমে আবেদন আহ্বান করা যাচ্ছে।

ক্র. নং	খাত ও উপখাত	শিল্পের ধরণ (ক্যাটাগরি)	নিয়োজিত জনবল	আবেদন ফরমের মূল্য (নীতিমালা অনুযায়ী)
১	টেক্সটাইল ও তৈরী পোশাক শিল্প, খাদ্য, ঔষধ শিল্প, কেমিক্যাল, ইম্পাত ও প্রকৌশল, আইটি, পাট, লেদার, ফার্গিচার, সেবা ও অন্যান্য	বৃহৎ শিল্প	ম্যানুফ্যাকচারিং শিল্প : ৩০০ জন এর অধিক তৈরী পোশাক শিল্প: ১০০০ জন এর অধিক সেবা শিল্প: ১২০ জন এর অধিক	৫,০০০.০০ (পাঁচ হাজার টাকা)
২	টেক্সটাইল ও তৈরী পোশাক শিল্প, খাদ্য, ঔষধ শিল্প, কেমিক্যাল, ইম্পাত ও প্রকৌশল, আইটি, পাট, লেদার, ফার্গিচার, সেবা ও অন্যান্য	মাঝারি শিল্প	ম্যানুফ্যাকচারিং শিল্প : ১২১-৩০০ জন তৈরী পোশাক শিল্প: সর্বোচ্চ ১০০০ জন সেবা শিল্প : ৫১-১২০ জন	৩,০০০.০০ (তিন হাজার টাকা)
৩	টেক্সটাইল ও তৈরী পোশাক শিল্প, খাদ্য, ঔষধ শিল্প, কেমিক্যাল, ইম্পাত ও প্রকৌশল, আইটি, পাট, লেদার, ফার্গিচার, সেবা ও অন্যান্য	ক্ষুদ্র শিল্প	ম্যানুফ্যাকচারিং শিল্প : ৩১-১২০ জন সেবা শিল্প: ১৬-৫০ জন	২,০০০.০০ (দুই হাজার টাকা)
৪	টেক্সটাইল ও তৈরী পোশাক শিল্প, খাদ্য, ঔষধ শিল্প, কেমিক্যাল, ইম্পাত ও প্রকৌশল, আইটি, পাট, লেদার, ফার্গিচার, সেবা ও অন্যান্য	মাইক্রো শিল্প	ম্যানুফ্যাকচারিং শিল্প : ১৬-৩০ জন বা তার চেয়ে কম সেবা শিল্প: সর্বোচ্চ ১৫ জন	১,০০০.০০ (এক হাজার টাকা)
৫	টেক্সটাইল ও তৈরী পোশাক শিল্প, খাদ্য, ঔষধ শিল্প, কেমিক্যাল, ইম্পাত ও প্রকৌশল, আইটি, পাট, লেদার, ফার্গিচার, সেবা ও অন্যান্য	কুটির শিল্প	পারিবারিক সদস্য বিশিষ্ট জনবল ১৫ জনের অধিক নয়	১,০০০.০০ (এক হাজার টাকা)
৬	খাত ও উপখাত প্রযোজ্য নহে	রাষ্ট্রায়ত্ত্ব শিল্প প্রতিষ্ঠান	সকল কর্পোরেশন/সরকার নিয়ন্ত্রিত প্রতিষ্ঠানসমূহ	৪,০০০.০০ (চার হাজার টাকা)
৭	খাত ও উপখাত প্রযোজ্য নহে	বিভিন্ন ড্রেডবডি ও ব্যবসায়ী সংগঠন	ড্রেডবডি অর্গানাইজেশন অর্ডিন্যান্স, ১৯৬১ এর আওতায় শ্রেষ্ঠ রেজিস্টার্ড ড্রেডবডি/বাণিজ্য সংগঠন	৫,০০০.০০ (পাঁচ হাজার টাকা)

আবেদনের শর্তাবলীঃ

- (১) ক্যাটাগরি-ভিত্তিক শিল্পের সংজ্ঞা জাতীয় শিল্পনীতি-২০১৬ এর অধ্যায় ৩ এ বর্ণিত (শিল্প ও শিল্প প্রতিষ্ঠানের সংজ্ঞা ও শ্রেণি বিন্যাস) শিল্প মন্ত্রণালয়ের ওয়েব সাইট ([www.moind.gov.bd](http://www.moind.gov.bd)) ও ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) এর ওয়েব সাইটে ([www.npo.gov.bd](http://www.npo.gov.bd)) দেখা যাবে।
- (২) সকল সরকারি/বেসরকারি/বহুজাতিক/রেজিস্টার্ড শিল্প/সেবা প্রতিষ্ঠান (বাংলাদেশে ব্যবসায় নিয়োজিত) আবেদন করতে পারবে।
- (৩) আবেদনকারী শিল্প/সেবা প্রতিষ্ঠান বিবেচ্য বছরসহ ধারাবাহিকভাবে বিগত ০৩ (তিন) বছর বাংলাদেশে উৎপাদন/সেবা কার্যক্রম চালু থাকতে হবে।

- (৪) যে সকল প্রতিষ্ঠান “ন্যাশনাল প্রোডাক্টিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড” ২০১৯ প্রাপ্ত হয়েছে এবং ২০২০ প্রাপ্ত হবে সে সকল প্রতিষ্ঠান “ন্যাশনাল প্রোডাক্টিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড ২০২১” এর জন্য বিধি অনুযায়ী বিবেচিত হবে না।
- (৫) শিল্প ও সেবা প্রতিষ্ঠানের মালিক/মনোনিত প্রতিনিধিগণকে ক্যাটাগরি ও খাত-উপখাত ভিত্তিক এনপিও’র নির্ধারিত ফরমে আবেদন করতে হবে।
- (৬) আবেদন ফরমের মূল্য বাবদ সংশ্লিষ্ট ফি সরকারি খাতে (১-৩৯৩৭-০০০০-২৬৮১) ট্রেজারি চালান বা যথাযথ রশিদ গ্রহণের মাধ্যমে নগদে এনপিও দপ্তরে জমাদানপূর্বক চালান রশিদ এর মূলকপি দপ্তরে জমা দিয়ে আবেদন ফরম সংগ্রহ করা যাবে।
- (৭) আবেদন পত্র ২৪ মে ২০২২ এর মধ্যে (অফিস চলাকালীন সময়ে) এনপিও কার্যালয়ে পৌঁছাতে হবে।
- (৮) আবেদন ফরম জমা দেওয়ার নির্ধারিত তারিখের পর কোন আবেদন ফরম গ্রহণ করা হবে না।
- (৯) ঋণ খেলাপী, কর বকেয়া এবং বৈদেশিক কোন ক্রেতার সাথে শিল্প বিরোধে জড়িত প্রতিষ্ঠানের আবেদন করার প্রয়োজন নাই।
- (১০) “সেবা প্রতিষ্ঠান” বলতে জাতীয় শিল্পনীতি-২০১৬ অনুযায়ী ঘোষিত সেবা খাতভুক্ত প্রতিষ্ঠানকে বোঝাবে।
- (১১) এনপিও কর্তৃক আবেদন ফরম পূরণ বিষয়ে একটি ওরিয়েন্টেশন আগামী ১২ মে ২০২২ তারিখ সকাল ১১.০০ টায় এনপিও’র সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হবে।
- (১২) অসম্পূর্ণ ও ভুল তথ্য সম্বলিত আবেদন পত্র সরাসরি বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
- (১৩) বিস্তারিত তথ্যাদি ন্যাশনাল প্রোডাক্টিভিটি অর্গানাইজেশন (এনপিও) এর ওয়েব সাইটে ([www.npo.gov.bd](http://www.npo.gov.bd)) পাওয়া যাবে।
- (১৪) গ্রুপ অব কোম্পানির ক্ষেত্রে ক্যাটাগরি ভিত্তিক একই খাত বা উপখাতে একাধিক প্রতিষ্ঠান আবেদন করতে পারবে না।



(মুহাম্মদ আরিফুজ্জামান)  
উর্ধ্বতন গবেষণা কর্মকর্তা  
ফোন: ২২৩৩৫৭৫০১

[npobd1982@gmail.com](mailto:npobd1982@gmail.com)